



## Embassy of the People's Republic of Bangladesh Tokyo

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং  
স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে কুইজ প্রতিযোগিতা

### নোটিশ

১। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে টোকিওস্থ বাংলাদেশ দূতাবাস বঙ্গবন্ধুর জীবন, কর্ম এবং বাংলাদেশের স্বাধীনতার উপর অনলাইন কুইজ (quiz) প্রতিযোগিতার আয়োজন করেছে। জাপানে বিদ্যমান কোভিড-১৯ পরিস্থিতি এবং জনস্বাস্থ্য সুরক্ষার বিষয়টি বিবেচনায় নিয়ে ব্যক্তিগত উপস্থিতি পরিহার করে অনলাইনে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। জাপানে বসবাসরত বাংলাদেশের সকল বয়সের নাগরিকদের এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান করা যাচ্ছে।

২। প্রতিযোগিতার দিন, তারিখ ও সময়: রবিবার, ৭ই মার্চ ২০২১ জাপানের সময় রাত ৭টা থেকে ১০টা পর্যন্ত।

#### নিয়মাবলী:

(ক) অনলাইন কুইজ প্রতিযোগিতাটি বাংলায় বহু নির্বাচনী (Multiple choice) প্রশ্নের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

(খ) আগামী শুক্রবার, ৫ই মার্চ ২০২১ রাত ১২টার মধ্যে নিচের লিংকে ক্লিক করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে:

<https://mujib100jp.priyo.com>

(গ) একটি মোবাইল নম্বর দিয়ে একবারই রেজিস্ট্রেশন করা যাবে। রেজিস্ট্রেশনের পর একটি ডেমো প্রদর্শিত হবে, যার মাধ্যমে প্রতিযোগিতায় অংশগ্রহণের পদ্ধতি সম্পর্কে ধারণা পাওয়া যাবে।


(ঘ) প্রতিযোগিতার দিনে নির্ধারিত সময়ে (রাত ৭টা থেকে ১০টা) উক্ত লিংকে (<https://mujib100jp.priyo.com>) লগ ইন করে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।

(ঙ) লগ ইন করার পর একজন প্রতিযোগী ১৭ মিনিট সময় পাবেন। তার স্ক্রিনে একের পর এক মাল্টিপল চয়েস প্রশ্ন আসতে থাকবে। একটি প্রশ্নের উত্তর দেওয়ার পরই পরের প্রশ্ন স্ক্রিনে আসবে। এভাবে ১৭ মিনিটের মধ্যে যতগুলো সম্ভব উত্তর দিতে পারবেন, অতঃপর তাঁর স্ক্রিন লগ আউট হয়ে যাবে। প্রতিযোগিতার নির্ধারিত সময় অর্থাৎ রাত ১০টার পর আর কেউ লগ ইন করতে পারবেন না। একজন প্রতিযোগী প্রতিটি সঠিক উত্তরের জন্য ১ নম্বর পাবেন এবং ভুল উত্তরের জন্য ০.৫ নম্বর কাটা যাবে।

(চ) অনলাইন প্রতিযোগিতার শুরু থেকে শেষ পর্যন্ত এবং ফলাফল নির্ধারণ ও প্রকাশের পুরো প্রক্রিয়াটি সফটওয়্যার দ্বারা স্বয়ংক্রিয়ভাবে পরিচালিত হবে। পরবর্তীতে বাংলাদেশ দূতাবাসের ওয়েবসাইটে এবং ফেসবুক পেইজে যথাশীঘ্র প্রতিযোগিতার ফলাফল প্রকাশ করা হবে।

৩। বিজয়ীদের মাঝে সনদ ও পুরস্কার বিতরণ করার তারিখ কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় পরবর্তীতে জানানো হবে।

মান্যবর রাষ্ট্রদূতের নির্দেশক্রমে,

  
(শেখ ফরিদ)  
দূতালয় প্রধান

3-29 Kioicho, Chiyoda-ku, Tokyo 102-0094 | Tel: +81-3-3234-5801 | Fax: +81-3-3234-5802

Email: [bdembassy.tokyo@mofa.gov.bd](mailto:bdembassy.tokyo@mofa.gov.bd) | [www.bdembjp.mofa.gov.bd](http://www.bdembjp.mofa.gov.bd)